চিটাগাং ড্রাই ডক লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী
পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম

১২ ফাল্গুন ১৪২৭

২৩.০২.১৫৬৫.৩৪১.১১.০০১.২১.২৭৪ — ২৫ ফেব্রুয়ারি ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

চিটাগাং ড্রাই ডক লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, পোঃ বক্স নং-২০০৭ (বন্দর), পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম এর জন্য নিম্নোক্ত পদে চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | হিসাবরক্ষণ কর্মকর্তা (জাতীয় বেতন স্কেল- ২০১৫ গ্রেড-০৯) | ০২ | অনূর্ধ্ব- ৩০ বছর। (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)। | বাণিজ্যে স্নাতক (সম্মান) ডিগ্রি এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০৪ (চার) বছরের চাকরির অভিজ্ঞতা; অথবা, বাণিজ্যে স্নাতকোত্তর ডিগ্রি এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা |

আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়: ১৫ মার্চ ২০২১ বিকাল ৪.৩০ ঘটিকা।

**নিয়মাবলী:**

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২। খামের উপর আবেদনকৃত পদের নাম এবং বিজ্ঞপ্তির সূত্র নম্বর উল্লেখ করতে হবে।

৩। চাকরির জন্য নির্ধারিত আবেদন ফরম প্রতিষ্ঠান হতে সরাসরি সংগ্রহ করা যাবে। এছাড়া প্রতিষ্ঠানের ওয়েবসাইট (www.cddl.gov.bd) হতেও আবেদন ফরমটি ডাউনলোড করে আবেদন করা যাবে।

৪। প্রার্থীকে সঠিকভাবে পূরণকৃত আবেদন ফরমের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং অভিজ্ঞতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) এর কপি সংযুক্ত করতে হবে। এছাড়া, আবেদন ফরমের সাথে "চিটাগাং ড্রাই ডক লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী" বরাবর টাকা ৩০০.০০ (টাকা তিনশত মাত্র) মূল্যের অফেরতযোগ্য পে-অর্ডার এর মূল কপিও অবশ্যই সংযুক্ত করতে হবে।

৫। প্রতিষ্ঠানের ওয়েবসাইটের Career অপশনে গিয়ে Apply Online এর মাধ্যমেও সরাসরি আবেদন করা যাবে। এক্ষেত্রে প্রয়োজনীয় দলিলাদি স্ক্যান করে সঠিকভাবে সংযুক্ত করতে হবে এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি ও পে-অর্ডার এর মূল কপি পরীক্ষার দিন জমা প্রদান করতে হবে।

৬। পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং অভিজ্ঞতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) এর মূলকপি সাথে আনতে হবে।

৭। কোন প্রার্থী সরকারি/রাষ্ট্রায়ত্ত/স্বায়ত্তশাসিত/সমধর্মী প্রতিষ্ঠানে চাকরিরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে সংগৃহীত অনাপত্তিপত্র আবেদন ফরমের সাথে জমা প্রদান করতে হবে এবং মূল কপিটি পরীক্ষার দিন সাথে আনতে হবে।

৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯। যে সকল আবেদনকারীর আবেদন প্রাথমিক বাছাইয়ের পর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে, তাদেরকে পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অবহিত করা হবে। তবে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ যাতায়াত কিংবা দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১০। প্রাথমিক বাছাই এবং চূড়ান্ত পরীক্ষায় প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সিডিডিএল এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদন বাতিল করার অধিকার সিডিডিএল সংরক্ষণ করে।

১১। বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল/প্রত্যাহারের সর্বস্বত্ব অধিকার সিডিডিএল সংরক্ষণ করে।

১২। কোন প্রার্থী সিডিডিএল এর চাকরি থেকে বহিষ্কৃত হলে তিনি চাকরিতে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবেন।

১৩। অত্র প্রতিষ্ঠানে প্রচলিত চুক্তিভিত্তিক শ্রমিক-কর্মচারীদের জন্য প্রযোজ্য বেতন কাঠামো অনুযায়ী বেতন, ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে।

১৪। সিডিডিএল এ চাকরিকালে কর্মদক্ষতার উপযুক্ত প্রমাণ সাপেক্ষে নির্দিষ্ট সময় পর প্রতিষ্ঠানের প্রচলিত নিয়মানুযায়ী চাকরিতে স্থায়ী করা হতে পারে।

এম শহীদুল্লাহ আল ফারুক
ক্যাপ্টেন বিএন